

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১৩৫২

পর্ব - ১২ঃ খাদ্য (ختاب الاطعمة)

পরিচ্ছেদঃ ২, কুরবানীর বিধান - কুরবানীর পশুর ক্ষেত্রে যা অপছন্দনীয়

আরবী

وَعَنْ عَلِيِّ _ رضي الله عنه _ قَالَ: أَمَرَنَا رَسُولُ اللَّهِ _ صلى الله عليه وسلم _ أَنْ نَسْتَشْرِفَ الْعَيْنَ وَالْأُذُنَ, وَلَا نُضَحِّيَ بِعَوْرَاءَ, وَلَا مُقَابَلَةٍ, وَلَا مُدَابَرَةٍ, وَلَا خَرْمَاء, وَلَا ثَرْمَاء. وَلَا مُدَابَرَةٍ, وَلَا خُرْمَاء, وَلَا ثَرْمَاء. أَخْرَجَهُ أَحْمَدُ, وَالْأَرْبَعَةُ. وَصَحَّحَهُ التِّرْمِذِيُّ, وَابْنُ حِبَّانَ, وَالْحَاكِمُ

ضعيف. وفي «الأصل» تفصيل طرقه ورواياته

বাংলা

১৩৫২। আলী (রাঃ) হতে বর্ণিত; তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের কুরবানীর জন্তু (কেনার সময়) চোখ, কান ভালভাবে দেখে নিতে হুকুম দিয়েছেন। আর কানা, কানের অগ্রভাগ কাটা, পেছনের অংশ কাটা, ছিদ্র কান, বা কান ফাড়া জন্তু কুরবানী করতে নিষেধ করেছেন।[1]

English

'Ali (RAA) narrated, 'Allah's Messenger () enjoined us to pay great attention to the eye and the ear and not sacrifice a one-eyed animal with a slit which leaves something hanging at the front or back of the ear, or with a perforation in the ear, or an animal with broken front teeth.' Related by Ahmad and the four Imams. At-Tirmidhi, Ibn Hibban and Al-Hakim graded it as Sahih.

ফুটনোট



[1] তিরমিয়ী ১৪৯৮, নাসায়ী ৪৩৭২, ৪৩৭৩, ৪৩৭৪, আবূ দাউদ ২৮০৪, ইবনু মাজাহ ৩১৪২, ৩১৪৩, আহমাদ ৭৩৪, ৮২৮, ৮৪৩, দারেমী ১৯৫১। শাইখ আলবানী ইরাওয়াউল গালীল ৪/৩৬৩ গ্রন্থে বলেন, এর সানাদে আবূ ইসহাক আস সাবীঈ মুদাল্লিস, সে আন আন ও উল্টা পল্টা করে বর্ণনা করেছে। তাখরীজ মিশকাতুল মাসাবীহ ১৪০৮ গ্রন্থেও উক্ত রাবী সম্পর্কে অনুরূপ কথাই বলেছেন। আলবানী যঈফ নাসায়ী ৪৩৮৫ তে যাঈফ, আবূ দাউদ ২৮০৪ গ্রন্থে দুর্বল বলেছেন। ইমাম দারাকুতনী আত-তালখীসুল হাবীর ৪/১৪৮৮ গ্রন্থে এটিকে ক্রটিযুক্ত হিসেবে উল্লেখ করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন